সমকাল

তারিখ 30 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

প্রশ্ন ফাঁসের অভিযোগ

# জবি শিক্ষক সাসপেন্ড

■ জবি প্রতিবেদক

ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও দায়িত্বে অবহেলার অভিযোগে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) এক শিক্ষককে সাময়িক বরখাস্ত (সাসপেন্ড) করা হয়েছে। সাসপেন্ড হওয়া দেওয়ান বদরুল হাসান ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক। একই অভিযোগে সাময়িক বরখাস্ত হয়েছেন ওই বিভাগের কর্মচারী মো. এমদাদুল হক। গতকাল শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এদিকে অভিযোগ তদন্তে আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আক্কাসকে আহ্বায়ক করে তিন সদস্যের কমিটি গঠন করেছে কর্তৃপক্ষ। কমিটিকে দুই সপ্তাহের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। কমিটির অন্য দুই সদস্য হলেন- গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হেলেনা ফেরদৌসী এবং শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নূরে আলম আবদুল্লাহ।

গত শুক্রবার সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা শুরুর আগে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠে। ওই দিন বিকেল ৩টায় পরীক্ষা শুরু হলেও সোয়া ৩টার দিকে প্রায় অর্ধশত শিক্ষার্থী একসঙ্গে ক্যাম্পাস কেন্দ্রে প্রবেশ করতে গেলে দায়িত্বরত শিক্ষক ও প্রক্টোরিয়াল বডির সদস্যাদের সঙ্গে বাকবিতণ্ডা হয়। এ সময় মোবাইল ফোনে এসএমএসে উত্তর সরবরাহের অভিযোগে চার ছাত্র ও ইলেকট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করায় এক ছাত্রীকে আটক করা হয়। পরে তাদের বিরুদ্ধে মামলা করে সূত্রাপুর থানায় সোপর্দ করে কর্তৃপক্ষ।

জবি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান সমকালকে বলেন, ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে ডিজিটাল বারকোড পদ্ধতি ব্যবহার করায় জালিয়াতচক্র তেমন সুবিধা করতে পারেনি। কোনো শিক্ষক ও কর্মকর্তার বিরুদ্ধে অনিয়মের অভিযোগ পাওয়া গেলে ব্যবস্থা নেওয়া হবে।